৬ মার্চ, ২০১৮

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)

প্রেস রিলিজ

# ডিজিটাল হলো বাংলাদেশের শ্রম পরিদর্শন ব্যবস্থা

লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা) সিস্টেম উদ্বোধনের মাধ্যমে বাংলাদেশের শ্রম পরিদর্শন ব্যবস্থার আধুনিকায়ন এবং ডিজিটালাইজেশনের পথে বড় অগ্রগতি সাধিত হলো। লিমা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ) এর তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও বিশ্লেষণ ব্যবস্থাকে উন্নত করবে, চূড়ান্তভাবে যা সব শিল্পের মালিক ও শ্রমিকদের উপকারে আসবে।

লিমা অ্যাপ তৈরিতে আন্তর্জাতিক শ্রম সংস্থার "বাংলাদেশের তৈরি পোশাক শিল্পে কর্মপরিবেশ উন্নয়ন" কর্মসূচি সহযোগিতা করেছে এবং অর্থায়ন করেছে কানাডা, নেদারল্যান্ডস ও যুক্তরাজ্য।

শিল্প কারখানা ও শ্রমিক সংগঠনের প্রতিনিধি এবং উন্নয়ন সহযোগীদের উপস্থিতিতে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী জনাব মুজিবুল হক, এমপি, রাজধানীর আমারি হোটেলে আজ মঙ্গলবার লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা) আনুষ্ঠানিকভাবে চালু করেন। একই অনুষ্ঠানে আইএলও'র দেয়া ২৫০টি অ্যান্ড্রয়েড ট্যাবলেট কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরকে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়, যা শ্রম পরিদর্শনে ব্যবহৃত হবে।

অনুষ্ঠানে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী জনাব মুজিবুল হক বলেন, "লিমার প্রচলন ডিজিটাল বাংলাদেশের পথে যাত্রায় এক বিশাল পদক্ষেপ, একই সাথে এটি প্রতিটি কর্মক্ষেত্রকে নিরাপদ কর্মক্ষেত্রে পরিণত করা এবং শ্রম-অধিকার রক্ষায় বাংলাদেশ যে দৃঢ় অঙ্গীকারাবদ্ধ তারও প্রমাণ।"

লিমা কেন্দ্রীয়ভাবে তথ্য সংগ্রহ ও ব্যবস্থানার সুবিধা দিয়ে শ্রম পরিদর্শন সংক্রান্ত কাজে গতিশীলতা আনবে। মালিক ও শ্রমিকপক্ষের জন্য নির্দিষ্ট কিছু তথ্য প্রকাশ এবং অনলাইন সেবা, যেমন কারখানার লাইসেন্স প্রদান ও কর্মপরিবেশ সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও অভিযোগের জবাব প্রদানের মাধ্যমে লিমা পরিদর্শন ব্যবস্থায় স্বচ্ছতা নিশ্চিত করবে।

ডাইফের মহাপরিদর্শক মোঃ সামছুজ্জামান ভূইয়া এই নতুন সিস্টেমটির গুরুত্ব তুলে ধরে বলেন, "লিমা ডাইফের কাজে একটি নতুন মাত্রা যোগ করবে। এর মাধ্যমে আমাদের কার্যক্রম আরো শক্তিশালী হবে যা বিভিন্ন শিল্পখাতে কর্মরত ব্যক্তিদের কল্যাণ, সুরক্ষা ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক হবে। এছাড়া এই অ্যাপ বিভিন্ন ধরনের প্রতিবেদন তৈরিতে সহায়ক হবে।"

অনুষ্ঠানে বাংলাদেশে আইএলও'র দায়িত্বপ্রাপ্ত প্রধান জনাব স্লেহাল সোনেজি বলেন, "লিমার মাধ্যমে শ্রম পরিদর্শকরা কাগজ-কলমের বদলে ট্যাবলেট কম্পিউটার ব্যবহার করবে। একইসাথে এটি ডাইফের চলমান অগ্রগতি এবং ডিজিটালাইজেশন ও স্বচ্ছতার প্রতি ডাইফ নেতৃত্বের অঙ্গীকারের প্রতিফলন।"

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশে ব্রিটিশ হাইকমিশনার এলিসন ব্লেইক, নেদারল্যান্ডস এর অ্যাম্বাসেডর লিউনি কুইলেনারে, কানাডার হাই কমিশনার বেনোয়া প্রিফন্টেইন, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন (বিইএফ) এর সভাপতি কামরান টি রহমান, বিজিএমইএ এর পরিচালক এএনএম সাইফুদ্দিন, বিকেএমইএ এর সেকেন্ড ভাইস প্রেসিডেন্ট ফজলে শামীম এহসান, ন্যাশনাল কোঅর্ডিনেশন কমিটি ফর ওয়ার্কার্স এডুকেশন (এনসিসিডব্লিউই) এর মেম্বার সেক্রেটারী রাজেকুজ্জামান রতন এবং ইন্ডাস্ট্রিঅল বাংলাদেশ কাউন্সিলের (আইবিসি) সেক্রেটারী জেনারেল মোঃ তৌহিদুর রহমান।

লিমা সিস্টেমে চারটি মড্যুল রয়েছে। কলকারখানা/প্রতিষ্ঠান তথ্যভাণ্ডার মড্যুলের মাধ্যমে অনলাইনে কারখানার লেআউট প্ল্যান অনুমোদন এবং লাইসেন্সের জন্য আবেদন, লাইসেন্স নবায়ন ও সংশোধন করা যাবে। শ্রম পরিদর্শন মড্যুলের মাধ্যমে শ্রম পরিদর্শনের মাধ্যমে প্রাপ্ত তথ্য লিমার কেন্দ্রীয় ডাটাবেজে জমা থাকবে যা প্রতিবেদন তৈরি ও পরিদর্শন ব্যবস্থাপনা সংক্রান্ত সিদ্ধান্ত নিতে ব্যবহৃত হবে। পেশাগত স্বাস্থ্য ও সেইফটি বিষয়ক মড্যুলের মাধ্যমে কর্মক্ষেত্রে পেশাগত দুর্ঘটনা, জখম ও রোগব্যাধি সম্পর্কিত তথ্য জানানো যাবে। লিমার অন্যান্য মড্যুলের মাধ্যমে পোশাক কারখানার নিরাপত্তা সংস্কার কাজের অগ্রগতি এবং ডাইফের অভ্যন্তরীণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য জানা যাবে।

লিমা সিস্টেমে একটি অভিযোগ বাক্স রয়েছে। যার মাধ্যমে শ্রমিক কিংবা মালিকপক্ষ কর্মপরিবেশ সম্পর্কে ডাইফের নিকট যেকোন অভিযোগ দাখিল করতে পারবে। অনলাইনে http://lima.dife.gov.bd ওয়েবসাইট থেকে কিংবা স্মার্টফোন অ্যাপের (যা http://bit.ly/2DSTRBI থেকে ডাউনলোড করা যাবে) মাধ্যমে অভিযোগ দাখিল এবং তা সুরাহার অবস্থা জানা যাবে।

**আরো তথ্যের জন্য:**

মোঃ ফোরকান আহসান, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, মোবাইল: ০১৯১৮৬৩৩১৯৩, ই-মেইল: forkanahsan@gmail.com

অঞ্জিতা সাদমান, কমিউনিকেশন অফিসার, আইএলও, মোবাইল: ০১৭৮৭৬৬৬৭৬১, ই-মেইল: shadman@ilo.org

March 06, 2018
Department of Inspection for Factories and Establishments (DIFE), Ministry of Labour and Employment
International Labour Organization (ILO)

# Press Release

## Bangladesh labour inspectorate goes digital with LIMA

The transformation of the Bangladesh labour inspectorate has taken a major step forward with the launch of a digitalized Labour Inspection Management Application (LIMA) system. LIMA will improve the collection, storage and analysis of labour inspection data, benefiting workers and employers in all industrial sectors.

The development of LIMA has been supported by the International Labour Organization's Improving Working Conditions in the Bangladesh Ready Made Garment Sector programme funded by Canada, the Netherlands and the United Kingdom.

LIMA was officially launched by Honourable State Minister of the Ministry of Labour and Employment, Md Mujibul Haque, MP in the presence of industry representatives, workers organizations and development partners at an event held at the Amari Hotel in Dhaka today (6 March). Some 250 android tablets were handed over to the Department of Inspections for Factories and Establishments (DIFE) on the same occasion, to be used during inspections.

Speaking at the launch, Minister of Labour and Employment Md Mujibul Haque said, "LIMA is a milestone in the march towards digital Bangladesh and testament to the commitment of the Government to ensure that every workplace is a safe workplace and that the rights of workers are respected."

LIMA is set to make DIFE's operations more effective by combining its key data gathering and management needs in one platform. It will also enhance data accessibility and transparency by making certain information available to employers and workers while facilitating day-to-day tasks such as factory licence applications or the submission of complaints.

The Inspector General of DIFE, Mr Md. Shamsuzzaman Bhuiyan highlighted the importance of the new system. He said, "The launch of LIMA marks the beginning of a new chapter for the labour inspectorate. It will make our operations more effective and thereby help to enhance the welfare and safety of working people and also improve productivity of industries. It will also help DIFE to generate a variety of reports."

LIMA comprises four different modules. A Factory/Establishments Database module allows for the online application of factory layout plans and licences. A Labour Inspection module is used for inspection planning, data collection and reporting. Information gathered during inspections is fed directly into the LIMA database where it can be used to inform management decisions. An Occupational Safety and Health module is used for notifications relating to workplace accidents. Other LIMA modules are used for the tracking of remediation work of garment factories under the National Initiative as well as for following up on DIFE's internal operational activities.

Also speaking at the launch, Mr Snehal Soneji, Officer in Charge of the ILO said, "The LIMA system is much more than inspectors simply using a tablet computer instead of a pen and paper. It represents the progress made in the reform of the labour inspectorate and the commitment of DIFE's leadership to digitalization and transparency."

Additionally LIMA features a 'DIFE Complaint Box' that allows workers or employers to make a complaint to DIFE about workplace issues. This can be done either through the LIMA website http://lima.dife.gov.bd or via a smart phone app which can be downloaded at Google Play (search keyword, DIFE Complaint Box) or at http://bit.ly/2DSTRBI.

**For more information:**
Md. Forkan Ahsan, Information and Public Relation Officer, DIFE, Mobile: 01918633193, E-mail: forkanahsan@gmail.com
Onchita Shadman, Communication Officer, Mobile 01749310940, Email: shadman@ilo.org